অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/2/2022 **গভর্নর ক্যাথি হোকল**

ওনোনডাগা কাউন্টিতে গভর্নর হোকলের 17 মিলিয়ন ডলারের সহায়তামূলক আবাসন নির্মাণকাজ সমাপ্তির ঘোষণা

ক্যামিলাস হাইটসে রয়েছে ক্যামিলাস টাউনের পরিবারগুলোর জন্য 60টি সাশ্রয়ী মূল্যের এবং জ্বালানি-সাশ্রয়ী বাড়ি

বিনিয়োগটি 'CNY রাইজিং' এর সম্পূরক, যা হল সম্প্রদায়সমূহকে পুনরুজ্জীবিত করার এবং অর্থনীতির বিকাশের জন্য অঞ্চলটির সার্বিক কৌশল

গভর্নর ক্যাথি হোকল আজ ওনোনডাগা কাউন্টির ক্যামিলাস টাউনে 17.2 মিলিয়ন ডলারের একটি সাশ্রয়ী আবাসন উন্নয়ন প্রকল্পের নির্মাণকাজ সম্পন্ন হয়েছে বলে ঘোষণা করেছেন। নতুন কমপ্লেক্সটি পরিবার-বান্ধব সুযোগ-সুবিধাসহ 60টি সাশ্রয়ী মূল্যের এবং জ্বালানি-সাশ্রয়ী বাড়ি সরবরাহ করছে। ক্যামিলাস হাইটসকে একটি হাউজিং অপর্চুনিটি প্রকল্প হিসেবে মনোনীত করা হয়েছে, কারণ এটি একটি ভালো দক্ষতাসম্পন্ন স্কুল ডিস্ট্রিক্টের সাথে একটি ভালো রিসোর্সযুক্ত এলাকায় অবস্থিত।

"আমার প্রশাসন ডাউনটাউনগুলোর পুনরুজ্জীবিতকরণ এবং সব নিউ ইয়র্কবাসীর জন্য সাশ্রয়ী আবাসনের সরবরাহ বৃদ্ধি করার ব্যাপারে অত্যন্ত মনোযোগী রয়েছে," **বলেছেন গভর্নর হোকল।** "স্টেট জুড়ে কমিউনিটিগুলিতে নতুন সাশ্রয়ী মূল্যের আবাসন সরবরাহ করার মাধ্যমে নিউ ইয়র্কের পরিবারগুলো বর্তমানে ও ভবিষ্যতে সফল হওয়ার জন্য প্রয়োজনীয় হাতিয়ারগুলির অ্যাক্সেস পাওয়ার বিষয়টি আমরা নিশ্চিত করতে পারি। ক্যামিলাস হাইটসের মতো সাশ্রয়ী মূল্যের আবাসন নির্মাণ জীবন মান উন্নত করার জন্য এবং নিউ ইয়র্কবাসীদের পরবর্তী প্রজন্মের জন্য আরো সাশ্রয়ী মূল্যের এবং সুরক্ষিত ভবিষ্যত প্রদানের জন্য অপরিহার্য।"

ক্যামিলাস হাইটস আবাসনকে আরো বেশি সাশ্রয়ী, সমতাপূর্ণ, ও স্থিতিশীল করার জন্য গভর্নর হোকলের সুদূরপ্রসারী পরিকল্পনার অংশ। 2022-23 সালের স্টেট বাজেটে গভর্নর 25 বিলিয়ন ডলারের একটি নতুন পাঁচ-বছর মেয়াদী সমন্বিত আবাসন পরিকল্পনা প্রণয়ন ও সফলভাবে গ্রহণ করেছেন যা নিউ ইয়র্ক জুড়ে 100,000 সাশ্রয়ী বাড়ি তৈরি বা সংরক্ষণ করার মাধ্যমে আবাসনের সরবরাহ বৃদ্ধি করবে, যার মধ্যে অসহায় জনগোষ্ঠীর জন্য সহায়তামূলক পরিষেবাসম্পন্ন 10,000 বাড়ি এবং আরো 50,000 বাড়িতে বিদ্যুতায়ন সম্পন্ন করা অন্তর্ভুক্ত রয়েছে।

উন্নয়নের মধ্যে মোট 60টি অ্যাপার্টমেন্ট এবং একটি পৃথক কমিউনিটি ভবনসহ 16টি দুই তলা আবাসিক ভবন রয়েছে। অ্যাপার্টমেন্টগুলো এলাকার মধ্যমান আয়ের 30 থেকে 80 শতাংশ আয়ের পরিবারগুলোর ক্রয়ক্ষমতার মধ্যে রয়েছে। ডেভেলপার হলো ক্রিস্টোফার কমিউনিটি, ইনক।

ক্যামিলাস হাইটস নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটির (New York State Energy Research and Development Authority) লো রাইজ নিউ কনস্ট্রাকশন (Low Rise New Construction) প্রোগ্রামের শর্তসমূহ পূরণের জন্য ডিজাইন করা হয়েছে এবং এটি LEED সিলভার সার্টিফিকেশন অর্জন করবে বলে আশা করা হচ্ছে। জ্বালানি সাশ্রয়ী বৈশিষ্ট্যগুলোর মধ্যে রয়েছে এনার্জি স্টার অ্যাপ্লায়েন্স, LED লাইট, উচ্চ-দক্ষতাসম্পন্ন স্পেস কন্ডিশনিং ইকুইপমেন্ট, জানালা, ইনসুলেশন এবং এয়ার সিলিং।

ক্যামিলাস হাইটস ক্যামিলাস ভিলেজ থেকে এক মাইলেরও কম দূরত্বে অবস্থিত যেখানে একটি মুদি দোকান, ফার্মেসি, ব্যাংক, রেস্তোঁরা ও খুচরা দোকানপাট রয়েছে। প্রকল্পের অবস্থানে নিজস্ব বাস স্টপ শেল্টার রয়েছে। প্রকল্পটি ওয়েস্ট জেনেসি সেন্ট্রাল স্কুল ডিস্ট্রিক্টের মধ্যে অবস্থিত।

ক্যামিলাস হাইটস-এ স্টেটের অর্থায়নের মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে নিম্ন-আয়ের আবাসনের জন্য ফেডারেল পর্যায়ের হাউজিং ট্যাক্স ক্রেডিট যা প্রায় 11.9 মিলিয়ন ডলারের ইক্যুইটি তৈরি করেছে এবং নিউ ইয়র্ক স্টেটের হোমস এন্ড কমিউনিটি রিনিউয়ালের তরফ থেকে 3.6 মিলিয়ন ডলারের ভর্তুকি। NYSERDA 63,000 ডলার সহায়তা প্রদান করেছে। কমিউনিটি প্রিজারভেশন কর্পোরেশন (Community Preservation Corporation) SONYMA-বীমাকৃত 1.2 মিলিয়ন ডলার স্থায়ী ঋণ প্রদান করেছে।

হোমস এন্ড কমিউনিটি রিনিউয়ালের কমিশনার রুথ অ্যান ভিসনাউকাস বলেন, "ক্যামিলাস হাইটস 60টি পরিবারকে ভালো-দক্ষতাসম্পন্ন স্কুল এবং গণ পরিবহন, মুদি দোকান ও রেস্তোঁরায় সহজে অ্যাক্সেসসহ কমিউনিটিতে সাশ্রয়ী মূল্যে বসবাসের সুযোগ করে দিচ্ছে। জ্বালানি-সাশ্রয়ী বৈশিষ্ট্য এবং বিনোদনের স্থানের পাশাপাশি, প্রকল্পটি পরিবারগুলোর প্রবৃদ্ধি ও উন্নতির জন্য স্বাস্থ্যকর ও আরামদায়ক পরিবেশ প্রদান করে। ক্রিস্টোফার কমিউনিটিকে এই প্রকল্পটি সম্ভব করার জন্য এবং ওনোনডাগা কাউন্টিতে আবাসন সরবরাহ সম্প্রসারণ করতে আমাদের সাহায্য করার জন্য অভিনন্দন জানাই।"

NYSERDA-এর প্রেসিডেন্ট ও CEO ডোরিন এম. হ্যারিস বলেন, "ক্যামিলাস হাইটস প্রকল্প সম্পন্ন হওয়ার সাথে সাথে, ওনোনডাগা কাউন্টির বাসিন্দারা এখন নিরাপদ, অত্যন্ত জ্বালানি সাশ্রয়ী ও সহনশীল সাশ্রয়ী মূল্যের আবাসনের আরো বেশি অ্যাক্সেস পাবে, যাতে রয়েছে অসংখ্য ফিচার, শীতাতপ নিয়ন্ত্রণ সরঞ্জাম থেকে শুরু করে অত্যাধুনিক সরঞ্জাম, যা একটি স্বাস্থ্যকর, আরো আরামদায়ক জীবনযাত্রার পরিবেশ প্রদান করে। এই প্রকল্প এবং এর মতো অন্যান্য প্রকল্পগুলো নিশ্চিত করবে যাতে সকল নিউ ইয়র্কবাসী একটি পরিচ্ছন্ন জ্বালানি অর্থনীতিতে রূপান্তর থেকে উপকৃত হতে পারে এবং এটি 2030 সালের মধ্যে স্টেট জুড়ে

কমিউনিটিগুলিতে 2 মিলিয়ন ডলারের জলবায়ু-বান্ধব বাড়ি অর্জনের জন্য গভর্নর হোকলের প্রতিশ্রুতিকে সমর্থন করে।"

সিনেটর চাক স্কুমার বলেন, "ওনোনডাগা কাউন্টির প্রতিটি পরিবার এবং প্রত্যেক প্রবীণ ব্যক্তি নিরাপদ, সাশ্রয়ী আবাসন পাওয়ার অধিকারী, এবং আমি গর্বিত যে নিম্ন-আয়ের আবাসনের জন্য ফেডারেল পর্যায়ের হাউজিং ট্যাক্স ক্রেডিট, যেটির সম্প্রসারণের জন্য আমি কঠোর লড়াই চালিয়েছিলাম, 60টি নতুন, জ্বালানি-দক্ষতাসম্পন্ন ও সাশ্রয়ী বাড়ি তৈরির মাধ্যমে এই এলাকাকে পুনরুজ্জীবিত করার জন্য প্রয়োজনীয় কয়েক মিলিয়ন ডলারের সহায়তা প্রদান করেছে। এই অপরিহার্য সাশ্রয়ী আবাসনের বিষয়টি এগিয়ে নেওয়ার জন্য আমি গভর্নর হোকলকে সাধুবাদ জানাই, এবং সেন্ট্রাল নিউ ইয়র্কের জন্য একটি অধিকতর উজ্জ্বল ভবিষ্যতের ভিত্তি স্থাপন করতে প্রয়োজনীয় ফেডারেল সহায়তার প্রতিটি ডলার সংগ্রহের জন্য আমি লড়াই চালিয়ে যাবো।"

স্টেট সিনেটর জন ডব্লিউ. ম্যানিয়ন বলেন, "সাশ্রয়ী আবাসন শক্তিশালী পরিবার এবং একটি শক্তিশালী সেন্ট্রাল নিউ ইয়র্ক গড়ে তোলার মূল ভিত্তি। 17 মিলিয়ন ডলারের ক্যামিলাস হাইটস আবাসন প্রকল্পের নির্মাণকাজ সম্পন্ন হওয়ার অর্থ হলো আমাদের কমিউনিটির চাহিদা পূরণের জন্য এখন 60টি নতুন ইউনিট লভ্য রয়েছে, যার সবগুলোই জ্বালানি দক্ষতা সম্পন্ন। স্টেটজুড়ে সাশ্রয়ী আবাসনের অপশন সম্প্রসারণের জন্য তার অঙ্গীকারাবদ্ধতার জন্য এবং নিউ ইয়র্কের সমন্বিত আবাসন পরিকল্পনায় সহায়তা করতে রেকর্ড পরিমাণ বিনিয়োগ প্রদানে আইনসভার সঙ্গে কাজ করার জন্য আমি গভর্নর হোকলকে সাধুবাদ জানাই।"

অ্যাসেম্বলি সদস্য উইলিয়াম ম্যাগনারেলি বলেন, "ক্যামিলাস হাইটস ভিলেজের কেন্দ্রস্থলের কাছাকাছি সাশ্রয়ী, জ্বালানি দক্ষতা সম্পন্ন আবাসনের অপশন প্রদান করার মাধ্যমে আমাদের কমিউনিটির মান বৃদ্ধি করছে। ক্রিস্টোফার কমিউনিটিজ এবং নিউ ইয়র্ক স্টেট সাশ্রয়ী, নিরাপদ বসবাসের স্থান তৈরি করার পাশাপাশি অর্থনৈতিক প্রবৃদ্ধি ও কমিউনিটি উন্নয়ন বৃদ্ধির জন্য সমন্বিত প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।"

ক্যামিলাস টাউনের সুপারভাইজার জন ফ্যাচেরিক বলেন, "কমিউনিটির জন্য সর্বগুণসম্পন্ন বৈচিত্র্যপূর্ণ আবাসনের ব্যবস্থা করার ক্ষেত্রে ক্যামিলাস হাইটস এর সাশ্রয়ী ও জ্বালানি দক্ষতাসম্পন্ন বাড়িগুলো অন্তর্ভুক্ত করার সমন্বিত পরিকল্পনা নিয়ে ক্যামিলাস টাউন গর্বিত। অ্যাপার্টমেন্ট, কন্ডোমিনিয়াম, ও টাউন হোমের পাশাপাশি সাশ্রয়ী আবাসন, প্রবীণদের আবাসন ও একক-পরিবারের জন্য আবাসনের ভারসাম্যপূর্ণ সম্মিলন হলো টাউন যে এটির অধিবাসীদের সবার চাহিদা পূরণ করতে সচেষ্ট সেই অঙ্গীকারাবদ্ধতার একটি প্রমাণ। বৈচিত্র্যপূর্ণ আবাসন, একটি অসাধারণ স্কুল ডিস্ট্রিক্টের অ্যাক্সেস, এবং একইসাথে টাউনের সরবরাহকৃত বহু সুযোগ-সুবিধা, ক্যামিলাসকে বসবাস, কাজ ও পরিবার গড়ে তোলার জন্য চমৎকার একটি স্থান হিসেবে গণ্য করার কারণগুলোর মধ্যে মাত্র অল্প কয়েকটি।"

কমিউনিটি প্রিজারভেশন কর্পোরেশনের ভাইস প্রেসিডেন্ট এবং মর্টগেজ অফিসার জেইমি টুজোলো বলেন, "আবাসনের জন্য অর্থায়নকারী একটি অলাভজনক কোম্পানি হিসেবে এই অঞ্চলের ও কমিউনিটির আবাসন ও উন্নয়ন সংক্রান্ত অনন্য লক্ষ্যসমূহ পূরণে

সহায়তাকারী ক্যামিলাস হাইটস প্রকল্পের মতো একটি প্রকল্পে বিনিয়োগ করতে পেরে CPC গর্বিত। আমরা এমন একটি প্রকল্পের অংশ হতে পেরে গর্বিত যা লোকজনকে একসঙ্গে নিয়ে আসার ক্ষেত্রে অনুঘটক হিসেবে কাজ করবে, এটির ভাড়াটিয়াদের স্থিতিশীলতা প্রদান করবে, এবং ক্যামিলাস কমিউনিটির জন্য সুলভতার একটি অতি গুরুত্বপূর্ণ সংস্থান হিসেবে ভূমিকা রাখবে। আমি ক্রিস্টোফার কমিউনিটিকে তাদের ভিশন এবং এই প্রকল্পের প্রতি অঙ্গীকারাবদ্ধতার জন্য, গভর্নর হোকল, HCR কমিশনার ভিসনাউকাস, NYSERDA এবং আমাদের সব অংশীদার ও স্টেকহোল্ডারকে ধন্যবাদ জানাই।"

ক্রিস্টোফার কমিউনিটি, ইনক.-এর প্রেসিডেন্ট ও CEO জাস্টিন রাডগিক বলেন, "ক্যামিলাস হাইটসে 17 মিলিয়ন ডলারের নতুন নির্মাণকাজের প্রকল্পটি সম্পন্ন হওয়ায় আমরা অত্যন্ত উচ্ছসিত। ক্যামিলাস টাউনে এই সাশ্রয়ী আবাসন উদ্যোগ পরিবারগুলোকে 16টি দোতলা টাউনহাউজে 60টি নান্দনিক ইউনিট প্রদান করছে। নিউ ইয়র্ক স্টেটের হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল, কমিউনিটি প্রিজারভেশন কর্পোরেশন এবং এই হাউজিং অপর্চুনিটি প্রকল্পে সহায়তাকারী সবার অংশীদারিত্বকে আমরা ব্যাপকভাবে সাধুবাদ জানাই।"

CNY রাইজিং-এর ত্বরান্বিতকরণ

আজকের ঘোষণাটি "CNY রাইজিং" এর সম্পূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি ও সম্প্রদায়ের বিকাশের জন্য অঞ্চলের বিস্তারিত রূপরেখা। অঞ্চলিকভাবে তৈরি পরিকল্পনাটি বৈশ্বিক বাজারের সুযোগগুলির সুবিধা নেয়, শিল্পোদ্যোগ প্রচেষ্টা শক্তিশালী করে এবং একটি অন্তর্ভুক্তিমূলক অর্থনীতি সৃষ্টি করে। এখন, অঞ্চলটি আপস্টেট পুনর্জাগরণ উদ্যোগের মাধ্যমে 500 মিলিয়ন মার্কিন ডলারের রাষ্ট্রীয় বিনিয়োগের সাথে ফিঙ্গার লেকস ফরওয়ার্ডকে ত্বরান্বিত করছে। স্টেটের এই 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ বেসরকারি খাতের ব্যবসায়ীদের 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করার জন্য উদ্দীপনা দেবে - এবং অঞ্চলের দাখিলকৃত পরিকল্পনা অনুযায়ী আশা করা হচ্ছে যে 5,900 এর বেশি নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে। আরো তথ্য এখানে পাবেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418